Times Today BD

কাজী শহিদুল্লাহ তনয় | ঢাকা | 19 April, 2025

সাভারে মহাসড়কের পাশে পার্কিং করে রাখা কাভার্ডভ্যান চুরি করে গাড়িটিকে টুকরো টুকরো করে বিক্রি করেছে একটি চোর চক্র। এ ঘটনায় ৩ দিন পর চোর চক্রের তিন সদস্যকে ময়মনসিংহ থেকে গ্রেফতার করেছে সাভার মডেল থানা পুলিশ।উদ্ধার করা হয়েছে গাড়িটির অংশবিশেষ।

শনিবার (১৯ এপ্রিল) দুপুরে ৫ দিনের রিমান্ড চেয়ে সাভার মডেল থানা থেকে তাদেরকে ঢাকার আদালতে পাঠানো হয়। এর আগে গতকাল শুক্রবার দিবাগত রাতে ময়মনসিংহের ফুলবাড়িয়া থেকে তাদেরকে গ্রেফতার করা হয়।

গত ১৫ এপ্রিল রাতে সাভারের পশ্চিম ব্যাংকটাউন স্ট্যান্ডে রাস্তার পাশ থেকে চুড়ি হয় গাড়িটি। এ ঘটনায় কাভার্ডভ্যানের মালিক শেখ মহিউদ্দিন সাভার মডেল থানায় চুরির মামলা করেন।

গ্রেফতারকৃতরা হলো, রাজধানীর উত্তর বাড্ডার আরমান (২২), ময়মনসিংহের সুজন মিয়া (৩০) ও সোহাগ মিয়া (২৫)।

পুলিশ জানায়, গাড়ি চোরদের ধরতে এবং গাড়িটি উদ্ধার করতে তদন্ত শুরু করে পুলিশ।পরে গোয়েন্দা তথ্যের ভিত্তিতে গত রাতে ময়মনসিংহের ফুলবাড়িয়া এলাকায় অভিযান চালিয়ে চোর চক্রের তিন সদস্যকে গ্রেফতার করা হয়। তাদের কাছ থেকে চুরি হওয়া গাড়িটির অংশবিশেষ উদ্ধার করা হয়।আসামিরা গাড়িটি ভেঙ্গে বিক্রির চেষ্টা করছিল।

ঢাকা জেলার অতিরিক্ত পুলিশ সুপার (সাভার সার্কেল) শাহীনুর কবির বলেন, আরমান সোহাগ

গাড়িটি নিয়ে গাড়িটি টুকরা টুকরা করে বিভিন্ন খন্ড করে। ওখান থেকে গাড়িটির খন্ড খন্ড টুকরো গুলো উদ্ধার করা হয় এবং এই ঘটনায় জড়িত তিনজনকে গ্রেফতার করা হয়। তিনজনের বিরুদ্ধেই মামলার রুজু হয়েছে। তাদেরকে বিজ্ঞ আদালতে ৫ দিনের রিমান্ড আবেদন করে পাঠানো হয়েছে।

চোরাই গাড়ি গ্রেফতার পুলিশ

© 2025 TimesToday. All Rights Reserved.

Generated on 18 June, 2025 23:18

URL: https://timestodaybd.com/dhaka/9685431060